

মীর খায়রুল আলম | খুলনা | 30 April, 2025

সীমান্তে চোরাচালানবিরোধী অভিযানে সাড়ে ২৫ লাখ টাকা মূল্যের একটি স্বর্ণের বার উদ্ধার করেছে বিজিবি। বুধবার (৩০ এপ্রিল) সকালে সাতক্ষীরা সদর উপজেলার আবাদের হাট এলাকা থেকে স্বর্ণের বারটি উদ্ধার করা হয়। তবে এসময় চোরাকারবারি পালিয়ে যায় বলে জানিয়েছে বিজিবি।

সাতক্ষীরা-৩৩ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল আশরাফুল হক এক প্রেস বিজ্ঞপ্তিতে

জানান, বিশ্বস্ত সূত্রে খবর আসে যে, আবাদের হাট সীমান্ত দিয়ে স্বর্ণ ভারতে পাচার করা হবে। এ তথ্যের ভিত্তিতে বাউডাঙা ক্যাম্পের হাবিলদার মো. আমিরুল ইসলামের নেতৃত্বে একটি টহল দল সেখানে অবস্থান নেয়। একপর্যায়ে সাতক্ষীরা শহর থেকে সীমান্তের দিকে যাচ্ছিলেন এমন এক সন্দেহভাজন ব্যক্তিকে জিজ্ঞাসাবাদের জন্য থামতে বলা হলে তিনি হাতে থাকা ছোট ব্যাগটি ফেলে দিয়ে ঘন জঙ্গলে পালিয়ে যান।

পরবর্তীতে ওই ব্যাগে স্কচটেপ মোড়ানো অবস্থায় একটি স্বর্ণের বার উদ্ধার করা হয়। যার ওজন ১৩৮ গ্রাম ১০০ মিলিগ্রাম এবং আনুমানিক বাজারমূল্য ২৫ লাখ ৪২ হাজার ৯১৩ টাকা।

বিজিবি জানিয়েছে, উদ্ধার করা স্বর্ণের বিষয়ে সাতক্ষীরা সদর থানায় মামলা দায়ের করা হয়েছে এবং স্বর্ণটি সাতক্ষীরা ট্রেজারি অফিসে জমা দেওয়া হয়েছে।

সাতক্ষীরা বিজিবি স্বর্ণ ট্রেজারি

